



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 4th Semester Examinations, 2023

BENGALI

রবীন্দ্র সাহিত্য

CORE-10

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ১×১০ = ১০
- (ক) 'বলাকা' কবিতায় কোন নদীর প্রসঙ্গ ব্যক্ত হয়েছে ?
- (খ) 'সাধারণ মেয়ে' কবিতায় উল্লিখিত শরৎবাবুর শেষ গল্পের বইটির নাম কী ?
- (গ) 'আকাশে আকাশে বিরাট বিনাশে জাগাইল বিভীষিকা' — প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঘ) 'পক্ষীমানব' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত এবং কত সালে রচিত ?
- (ঙ) কাদম্বিনীর সইয়ের নাম কী ? সে কোথায় থাকত ?
- (চ) 'মার সাহায্য ব্যতীত তাহার আহার বিহার আরাম বিরাম কিছুই সম্পন্ন হইবার জো ছিল না' — এখানে কার কথা বলা হয়েছে ?
- (ছ) 'ক্ষুধিত পাষণ' গল্পে উল্লিখিত নদীটির নাম কী ?
- (জ) 'সে আজ এত দূর, এত পর, আজ তাহাকে দেখা নিষেধ, তাহার সঙ্গে কথা কওয়া দোষ, তাহার বিষয়ে চিন্তা করা পাপ' — এখানে 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (ঝ) 'আমার একটা জিনিস তোমাদের ঘর কন্নার বাইরে ছিল, সেটা কেউ তোমরা জান নি' — এখানে কোন জিনিসের কথা বলা হয়েছে ?
- (ঞ) 'যে দুঃখ কপালে ছিল সে দুঃখ বুক তুলে নিয়েছি' — উক্তিটি কার ?
- (ট) 'কোন আশুনের পাখি মেঘের ডানা মেলে রাত্রির দিকে উড়ে চলেছে। আমার এই পথযাত্রার ছবি অন্তসূর্য আকাশে ঐকে দিলে' — এখানে 'আমার' বলতে কার পথযাত্রার কথা ব্যক্ত হয়েছে ?
- (ঠ) 'মুক্তধারা' নাটকের পূর্বকল্পিত নাম কী ছিল ?
- (ড) 'দিঘি বলিতে জল এবং খনন-করা আধার দুই একসঙ্গে বুঝায়' — প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঢ) ঋষিকুমার উত্ককে পৌষ্যরাজা কোথায় যেতে বলেছিলেন ?
- (ণ) 'আকাশের চাঁদ' কবিতায় 'রবিশশীহীন দেশ' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন ?

২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

৫×১ = ৫

- (ক) 'দেখে বহুদূরে ছায়াপূরী সম
অতীত জীবন-রেখা,
অস্তরবির সোনার কিরণে
নূতন বরণে লেখা।'

— প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

- (খ) 'এবার কষ্টীশুদ্ধ তার কষ্টটা চেপে ধরতে হবে' — বক্তা কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
(গ) 'এবারকার গল্প বানাতে হবে এ যুগের কারখানা ঘরে' — কোন্ প্রসঙ্গে, কোথায় একথা বলা হয়েছে? এবারকার গল্প এবং এযুগের কারখানা ঘরের বিশেষত্ব নির্দেশ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০×১ = ১০

- (ক) 'একরাত্রি' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
(খ) 'সাধারণ মেয়ে' কবিতায় একটি সাধারণ মেয়ের যে আর্তি ব্যক্ত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।
(গ) 'সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে ভাবের বিষয়' — প্রসঙ্গ নির্দেশ করে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১৫×১ = ১৫

- (ক) 'মুক্তধারা' নাটকের সঙ্গীতগুলি আলোচনা করে নাট্যপ্রয়োজনের গুরুত্ব বুঝিয়ে দাও।
(খ) 'চোখের বালি' উপন্যাসে মহেন্দ্র ও বিনোদিনীর যে মনস্তাত্ত্বিক টানাপোড়েন বিধৃত হয়েছে, তা আলোচনা করো।
(গ) 'সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানবচরিত্র' — আলোচনা করো।

—x—